

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৩৩

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

আরবী

133 عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ (قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صِلَى الله عليه وسلم فَاتَبَعْتُهُ حَتَّى دَخَلَ نَخْلاً فَسَجَدَ فَأَطَالَ السُّجُودَ حَتَّى خِفْتُ أَوْ خَشِيتُ أَنْ يَكُونَ اللَّهُ قَدْ تَوَفَّاهُ أَوْ قَبَضَهُ، قَالَ: فَجِئْتُ أَنْظُرُ فَرَفَعَ رَأْسَهُ فَقَالَ: «مَا لَكَ يَا عَبْدَ الرَّحْمنِ؟» قَالَ: فَذَكَرْتُ قَبَضَهُ، قَالَ: «إِنَّ جِبْرِيلَ عَلَيْهِ السَّلَامِ قَالَ لِي: أَلَا أُبشِّرُكَ، إِنَّ اللَّهَ عَنَيْ وَجَلَّ وَجَلَّ يَقُولُ لَكَ: مَنْ صَلَّى عَلَيْكَ صَلَّيْتُ عَلَيْهِ وَمَنْ سَلَّمَ عَلَيْكَ سَلَّمْتُ عَلَيْهِ». (حم, هق, يع) عَلَيْه

বাংলা

১৩৩. আব্দুর রহমান ইবনু আউফ রাদিয়াল্লান্থ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামবের হলেন, আমি তার অনুগামী হলাম, তিনি একটি খেজুর বাগানে ঢুকে সেজদা করলেন, সেজদা এত দীর্ঘ করলেন যে আমি আশঙ্কা করলাম আল্লাহ তাকে তো মৃত্যু দেন নি! তিনি বলেন: আমি দেখার জন্য আসলাম, অতঃপর তিনি মাথা তুললেন, তিনি বললেন: "হে আব্দুর রহমান কি হয়েছে তোমার?" তিনি বলেন: আমি তাকে তা শোনালাম, অতঃপর তিনি বললেন: "জিবরিল (আলাইহিস সালাম) আমাকে বলেছেন: আমি কি তোমাকে সুসংবাদ দেব না, আল্লাহ তা'আলা তোমাকে বলেন: যে ব্যক্তি তোমার ওপর দরূদ পাঠ করবে আমি তার ওপর দরূদ পাঠ করব, যে তোমার ওপর সালাম পাঠ করবে আমি তার ওপর সালাম প্রেরণ করব"। [আহমদ, বায়হাকি ও আবু ইয়ালা] হাদিসটি হাসান লি গায়রিহি।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন